গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ১৭০-আইন/২০২৪/২২/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর আওতাধীন কলাম (2) তে বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত পণ্যসমূহকে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১০% (দশ শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, সমুদয় রেগুলেটরি শুল্ক, মূল্য সংযোজন কর এবং সম্পূরক শুল্ক, যদি থাকে, হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল:-

TABLE

| Heading | H.S. Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 72.08 | 7208.10.10<br>7208.26.10<br>7208.27.10<br>7208.36.10<br>7208.37.10<br>7208.38.10<br>7208.39.20<br>7208.51.10<br>7208.52.10 | Hot rolled iron or non alloy steel |
| 72.10 | 7210.61.10<br><br>7210.61.20<br>7210.61.90<br>7210.70.10<br>7210.70.20 | Flat rolled products of iron or non-alloy steel |
| 72.16 | 7216.32.00<br>7216.33.00<br>7318.15.90<br>7318.16.00 | I-sections<br>H-sections<br>Bolts<br>Nut |
| 76.07 | 7607.20.10 | Aluminium insulation |

**<u>শর্তাবলি</u>**

(১) আমদানিকারককে শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসাবে বন্ড লাইসেন্সধারী অথবা শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসাবে মূসক নিবন্ধিত হইতে হইবে।

(২) আমদানিকারককে নিম্নবর্ণিত দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস নীতি) বরাবর আবেদন করিতে হইবে, যথা:-

(ক) সংশ্লিষ্ট এসোসিয়েশনের নিকট হইতে **পরিশিষ্ট-১** অনুযায়ী প্রত্যয়নপত্র;

(খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত নির্মাণাধীন বা স্থাপনীয় বিল্ডিং এর নকশা (Layout plan);

(গ) সংশ্লিষ্ট এসোসিয়েশন কর্তৃক সত্যায়িত স্থাপনা নির্মাণ সংশ্লিষ্ট জমির দলিলের কপি;

(ঘ) মূসক নিবন্ধিত প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট হইতে উক্তরূপ স্থাপনা নির্মাণে TABLE-এ বর্ণিত পণ্যের মধ্যে কোন্ কোন্ পণ্য কী পরিমাণে আমদানি করিতে হইবে **পরিশিষ্ট-২** অনুযায়ী উহার সুস্পষ্ট ঘোষণাপত্র।

(৩) আমদানিকৃত পণ্য শুল্কায়নপূর্বক খালাসের পর সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ জাতীয় রাজস্ব বোর্ডের কাস্টমস নীতি শাখায় আমদানি সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি প্রেরণ করিবে।

(৪) এই প্রজ্ঞাপনের আওতায় কোনো প্রতিষ্ঠান শুধু একবার আবেদন ও পণ্য আমদানি করিতে পারিবে।

(৫) আমদানিকারককে পণ্য আমদানির ১ (এক) বৎসরের মধ্যে অনুমোদিত নকশা অনুযায়ী বিল্ডিং যথাযথভাবে ও যথাস্থানে নির্মাণ করা হইয়াছে এই মর্মে সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক বিল্ডিং নির্মাণ বা স্থাপনের ৩ (তিন) মাসের মধ্যে **পরিশিষ্ট-৩** অনুযায়ী প্রদত্ত প্রত্যয়নপত্র জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে দাখিল করিতে হইবে।

(৬) আমদানিকৃত পণ্যের মধ্যে কোনো পণ্য বিল্ডিং নির্মাণে ব্যবহৃত না হইলে উক্ত পণ্যের উপর প্রযোজ্য শুল্ক-কর আমদানিকারকের নিকট হইতে আদায়যোগ্য হইবে।

(৭) আমদানিকৃত পণ্য দ্বারা বিল্ডিং নির্মাণের ফলে সৃষ্ট স্ক্র্যাপের উপর প্রযোজ্য শুল্ক-কর আমদানিকারককে পরিশোধ করিতে হইবে। এই ক্ষেত্রে পণ্য আমদানিকালে স্ক্র্যাপের যে শুল্কায়নযোগ্য মূল্য এবং শুল্ক করহার বিদ্যমান ছিল তাহার ভিত্তিতে উক্ত স্ক্র্যাপ শুল্কায়ন করিতে হইবে।

২। ২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত এস.আর.ও. নং ১৬১-আইন/২০১৬/২৩/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

## পরিশিষ্ট-১

### প্রত্যয়নপত্র
**[শর্ত ২(ক) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, (প্রতিষ্ঠানের নাম) --------------------, ঠিকানা ----------------------------------------------------------------------, মূসক নিবন্ধন নম্বর --------------------, কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক হালনাগাদ পর্যন্ত নবায়নকৃত বন্ড লাইসেন্স (লাইসেন্স নং ................. তারিখ .....................) প্রাপ্ত একটি শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান।

উক্ত শিল্প প্রতিষ্ঠান কর্তৃক নিম্ন তফসিলভুক্ত নিজস্ব মালিকানাধীন জায়গায় [......................... সাব-রেজিষ্টার অফিসে রেজিষ্ট্রিকৃত দলিল নং ----------------, তারিখ ---------------- এর মাধ্যমে মালিকানাপ্রাপ্ত] প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণের জন্য নকশা অনুমোদনকারী কর্তৃপক্ষ ---------------------------------------------------- (কর্তৃপক্ষের নাম, ঠিকানা ও অনুমোদন নম্বর) কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী স্থানীয় প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক নিরূপিত পরিমাণ পণ্য (**এস.আর..ও নং ১৭০-আইন/২০২৪/২২/কাস্টমস**, **তারিখ: ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ** অনুযায়ী) আমদানির সুপারিশ করা হইল।

### তফসিল

[প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণের জন্য নির্ধারিত জমির বর্ণনা]

দাগ নং: ------------, খতিয়ান নং: -------------, জে, এল, নং: ---------------, মৌজা: ----------------, থানা/উপজেলা: ------------------, জেলা: ---------, মোট জমির পরিমাণ: ---------------------------, সীমানা/চৌহদ্দি: ------------।

স্বাক্ষর:

তারিখ:

নাম:

পদবি: সভাপতি,

.................(শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এর সংশ্লিষ্ট এসোসিয়েশনের নাম ও ঠিকানা)

সীল:

**<u>পরিশিষ্ট-২</u>**

**<u>ঘোষণাপত্র</u>**

**[শর্ত ২(ঘ) দ্রষ্টব্য]**

এই মর্মে ঘোষণা প্রদান করা যাইতেছে যে, আমদানিকারক-------------------------------------------------------------- মূসক নিবন্ধন নম্বর ----------------- কর্তৃক প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণের জন্য অনুমোদিত নকশা অনুযায়ী নিম্নের ছকে বর্ণিত পরিমাণ পণ্য আমদানি করিতে হইবে, যথা:-

**ছক**

| SL. No. | Heading | H.S.Code | Description of Goods | Quantity |
|---|---|---|---|---|
| (1) | (2) | (3) | (4) | (5) |
| | | | | |

স্বাক্ষর:

**তারিখ:**

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা/মালিক

প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণকারী প্রতিষ্ঠানের নাম:----

মূসক নিবন্ধন নম্বর:--------------------------

**<u>পরিশিষ্ট-৩</u>**

**প্রত্যয়নপত্র**

**[শর্ত (৫) দ্রষ্টব্য]**

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, আমদানিকারক ......................................, ঠিকানা-............................................................., মূসক নিবন্ধন নং ......................, বন্ড লাইসেন্স নং ..........................., তারিখ-................... কর্তৃক ....................... কাস্টম হাউস/স্টেশন এর বিল অব এন্ট্রি নং .............., তারিখ........................... এর বিপরীতে খালাসকৃত পণ্য দ্বারা প্রজ্ঞাপন **এস.আর.ও. নং ১৭০-আইন/২০২৪/২২/কাস্টমস**, **তারিখ: ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ** এর **পরিশিষ্ট-১** এ বর্ণিত স্থানে অনুমোদিত নকশা অনুযায়ী প্রি-ফেব্রিকেটেড বিল্ডিং নির্মাণ করিয়াছে।

আমদানিকৃত সকল/আংশিক পণ্য উক্ত নির্মাণে ব্যবহৃত হইয়াছে/হয় নাই এবং কোনো পণ্যের/................ পরিমাণ পণ্যের অপব্যবহার করা হয় নাই/হইয়াছে। বিল্ডিং নির্মাণের ফলে সৃষ্ট স্ক্র্যাপের উপর আমদানিকারক প্রযোজ্য শুল্ক-কর সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশনে পরিশোধ করিয়াছেন/করেন নাই।

স্বাক্ষর:

তারিখ:

নাম:

পদবি:

কমিশনার

..............................................

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**

**সিনিয়র সচিব।**